

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)

ওজনসীমার মধ্যে থাকি, সড়ক-মহাসড়ক বাঁচিয়ে রাখি।

বিষয়: মালবাহী মোটরযানে অতিরিক্ত ওজন বহন না করা সংক্রান্ত বিআরটিএ'র জরুরী বিজ্ঞপ্তি।


সরকার কর্তৃক সাময়িক সময়ের জন্য সর্বোচ্চ ওজনসীমা ৩ এক্সেল (১০ চাকা) বিশিষ্ট মোটরযানের (মোটরযান ও পণ্যসহ) জন্য নির্ধারিত ৩০ টনের পরিবর্তে ৩৫ (পঁয়ত্রিশ) টন এবং ৪ এক্সেল (১৪ চাকা) বিশিষ্ট মোটরযানের (মোটরযান ও পণ্যসহ) জন্য নির্ধারিত ৪০ টনের পরিবর্তে ৪৪ (চুয়াল্লিশ) টন নির্ধারণ করা হয়েছে।

এ সিদ্ধান্ত শুধুমাত্র চট্টগ্রাম বন্দর থেকে মালামালসহ কন্টেইনারসমূহ নির্দিষ্ট গন্তব্যে পৌঁছানোর সুবিধার্থে আগামী ১৫ মার্চ ২০১৮ পর্যন্ত কার্যকর থাকবে। উক্ত তারিখের পর ৩৫ টন ও ৪৪ টন ওজনবাহী পরিবহনের ক্ষেত্রে এ সিদ্ধান্তটির কার্যকারিতা বাতিল বলে গণ্য হবে।

বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করা হল।

চেয়ারম্যান

বিআরটিএ

  
(মোঃ নূরুল ইসলাম)  
পরিচালক (ইঞ্জিঃ)  
ফোন: ৯১১৫৫৪৪